# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৪৫

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪৮. ঘুমের কারণে ওযু করা

بَابُ الْوُضُوءِ مِنَ النَّوْمِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُبَارَكِ أَخْبَرَنَا بَقِيَّةُ بْنُ الْوَلِيدِ عَنْ أَبِي بَكْرِ بْنِ أَبِي مَرْيَمَ حَدَّثَنِي عَطِيَّةُ بْنُ قَيْسٍ الْكَلَاعِيُّ عَنْ مُعَاوِيَةَ بْنِ أَبِي سُفْيَانَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّمَا الْعَيْنَانِ وِكَاءُ السَّهِ فَإِذَا نَامَتْ الْعَيْنُ اسْتَطْلَقَ الْوِكَاءُ قِيلَ لِأَبِي مُحَمَّدٍ عَبْدِ اللَّهِ تَقُولُ بِهِ قَالَ لَا إِذَا نَامَ قَائِمًا لَيْسَ عَلَيْهِ الْوُضُوءُ
إسناده ضعيف

বাংলা

৭৪৫. মুয়াবিয়া ইবনু আবী সুফিয়ান রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “চক্ষুদ্বয় হলো পশ্চাদ্দ্বারের বাঁধন। অতএব, চক্ষু যখন ঘুমিয়ে পড়ে, তখন তার বাঁধনও ঢিলে হয়ে যায়।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ।

তাখরীজ: আমরা এর পূর্ণাঙ্গ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৭৩৭২ এ। (বাইহাকী ১/১৮৪; আব্দুল্লাহ ইবনু আহমাদ, যিয়াদাহ ৪/৯৭; দারুকুতনী ১/১৬০- মুসনাদুল মাউসিলী ৭৩৭২ এর টীকা।- অনুবাদক)।

এটি আরো বর্ণিত হয়েছে, তাবারানী, আল কাবীর ১৯/৩৭২ নং ৮৭৫; মুসনাদুশ শামিয়্যিন নং ১৪৯৪; আবু নুয়াইম, হিলইয়া ৯/৩০৫; তাহাবী, মুশকিলুল আসার ৪/৩৫৫; বাইহাকী, আল মা’রেফাহ নং ৯৩১। আরও দেখুন, নাইলুল আওতার ১/২৪১-২৪২; আল মুহাল্লা ১২৩১; কাশফুল খফা’ নং ১৭৯৮; তালখীসুল হাবীর ১/১১৮।

(আর এর শাহিদ হাদীস রয়েছে আলী রাদ্বিয়াল্লাহু আনহু হতে যা বর্ণনা করেছেন আবু দাউদ ২০৩; ইবনু মাজাহ

৪৭৭; বাইহাকী ১/১১৮ সকলেই য়য়ীফ সনদে।- মুসনাদুল মাউসিলী নং ৭৩৭২ এ টীকা দ্র:। -অনুবাদক)

আমাদের এ হাদীসটির শাহিদ আলী রা: এর হাদীসটি যেটিকে ‘হাসান’ বলেছেন: মুনযিরী, নববী ও ইবনু সালাহ । (এবং আলবানী ও, তাহক্বীক্ব: আবু দাউদ, ২০২- অনুবাদক)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মু‘আবিয়াহ ইবন আবূ সুফিয়ান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76121

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন